
ট্রেন ট্রাকিং এবং মনিটরিং সিস্টেম (Train Tracking & Monitoring System -TTMS)



বাংলাদেশ রেলওয়ের চারটি বিভাগীয় ট্রেন কন্ট্রোল অফিস (ঢাকা, চট্টগ্রাম, পাকশী ও লালমনিরহাট), ২টি আঞ্চলিক কন্ট্রোল অফিস (রাজশাহী ও চট্টগ্রাম) এবং একটি কেন্দ্রীয় কন্ট্রোল (ঢাকা) অফিসের মাধ্যমে প্রায় ২৮৭৭ কি.মি. ব্যাপী নেটওয়ার্কে চলাচলরত সকল ট্রেন স্টেশন মাস্টারগণের সঞ্চো টেলিফোন যোগাযোগের মাধ্যমে মনিটর ও নিয়ন্ত্রণ করা হয়। এ নিয়ন্ত্রণ ব্যবস্থায় বিভাগীয় ট্রেন কন্ট্রোল অফিস থেকে রেলওয়ে ডিজিটাল ও ট্রেন কন্ট্রোল (টিসি) ফোনের মাধ্যমে কোন ট্রেন কোন স্টেশনে কতক্ষণ থামবে, কোন স্টেশনে কোন ট্রেনের ক্রসিং হবে, কোন ট্রেনকে অগ্রাধিকার দেয়া হবে ইত্যাদি দিক নির্দেশনা ট্রেন কন্ট্রোলারগণ কর্তৃক প্রদান করা হয়। কিন্তু এ ব্যবস্থায় ব্রক সেকশনে অবস্থিত ট্রেনগুলোর প্রকৃত অবস্থান ও গতিবেগ জানা সম্ভব হতো না। ফলে কোন ট্রেন ব্রক সেকশনে দুর্ঘটনা বা অন্য কোন কারণে অত্যাধিক বিলম্ব হলে স্টেশন মাস্টারকে লোক পাঠিয়ে এর প্রকৃত অবস্থান জেনে তা সংশ্লিষ্ট কন্ট্রোলারকে জানাতে হতো। এছাড়া ট্রেনের সম্মানিত যাত্রী সাধারণের পক্ষেও কোন ট্রেনর প্রকৃত অবস্থান জানা সম্ভব হতো না।

এহেন অসুবিধা দূরীকরণে বাংলাদেশ রেলওয়েতে Global Positioning System (GPS)/General Packet Radio Service (GPRS) ভিত্তিক Train Tracking & Monitoring System (TTMS)

স্থাপনের কার্যক্রম গ্রহণ করা হয়। TTMS System গত ১৬ জানুয়ারী ২০১৪, তারিখে চালু করা হয় এবং রেলপথ মন্ত্রণালয় এর মাননীয় মন্ত্রী জনাব মোঃ মুজিবুল হক এমপি এর শুভ উদ্ধোধন করেন। সেবাসমূহ:

- সম্মানিত যাত্রী সাধারণ 16318 নম্বরে Mobile SMS এর মাধ্যমে ট্রেনের অভিমুখ, ট্রেন ছাড়ার সময়,
 ট্রেনের অবস্থান, পরবর্তী Stopage, real time ভিত্তিতে ট্রেনের বিলম্ব ইত্যাদি তথ্য জানতে পারেন।
- TTMS ব্লক সেকশনে চলাচলরত ট্রেনের অবস্থান, real time ভিত্তিতে ট্রেনের গতি, কোন স্টেশন থেকে কত কি.মি. দূরে ট্রেনটির অবস্থান ইত্যাদি তথ্য ট্রেন কন্ট্রোলারগণ তাৎক্ষণিকভাবে Display Monitor এর মাধ্যমে জানতে পারছেন।
- এ ছাড়া ট্রেন কন্ট্রোলারগণ ট্রেনের অবস্থান কন্ট্রোল অফিসে স্থাপিত মনিটরের মাধ্যমে সরাসরি পর্যবেক্ষণ
 করতে পারছেন বিধায় এতে বাংলাদেশ রেলওয়ের ট্রেন পরিচালনায় নতুনত্ব এসেছে। এতে সার্বিকভাবে
 বাংলাদেশ রেলওয়ের অপারেটিং কর্মক্ষমতা বৃদ্ধি পেয়েছে।
- SMS এর নমুনা: tr <space> Train no. অথবা tr <space> Train name লিখে 16318
 নম্বরে প্রেরণ (send) করলে ফিরতি SMS এর মাধ্যমে বার্ণিত ট্রেনের তাৎক্ষণিক অবস্থান জানা যাবে।
 বর্তমানে গ্রামীণফোন লিঃ , রবি এবং বাংলালিংক এর মোবাইল ফোন থেকে এ সেবা পাওয়া যাচ্ছে।

উদাহরণঃ ঢাকা থেকে দিনাজপুরগামী আন্ত:নগর একতা এক্সপ্রেস ট্রেনের বর্তমান অবস্থান জানার জন্য যেভাবে SMS করতে হবে- : tr <space> 705 অথবা: : tr <space> Ekota লিখে 16318 নম্বরে পাঠাতে হবে। ফিরতি SMS এ নিম্নে বর্ণিত তথ্যাদি জানা যাবে:-

705: Ekota

Dhaka-Dinajpur

Left Dhaka at 11:10

Next Stn: Bagzana, 4.9km

Next Stop:Birampur@4

Delay:3:49

21:02/13.01.14

ট্রেন ট্রাকারে জেনে নিন আপনার কাঞ্ছিত ট্রেনের খরবঃ-

ট্রেন রুট	ট্রেন নং	ট্রেন কোড	কোন ট্রেন
ঢাকা-চউগ্রাম	701	Subarna	সুবর্ণ এক্সপ্রেস
	702	Subarna	সুবর্ণ এক্সপ্রেস
	703	GodhuliU	. মহানগর গোধুলী
	704	ProvatiD	মহানগর প্রভাতী
	721	ProvatiU	মহানগর প্রভাতী
	722	GodhuliD	মহানগর গোধুলী
	741	TurnaU	তুৰ্ণা প্ৰভাৱন কৰা কৰা কৰা
	742	TurnaD	তূর্ণা
ঢাকা-সিলেট	709	Para	পারাবত এক্সপ্রেস
	710	Para	পারাবত এক্সপ্রেস
	717	JoyantU	জয়ন্তিকা এক্সপ্রেস
	718	JoyantD	জয়ন্তিকা এক্সপ্রেস
	739	UpabanU	উপবন এক্সপ্রেস
	740	UpabanD	উপবন এক্সপ্রেস
	773	Kalani	কালনী এক্সপ্রেস
	774	Kalani	কালনী এক্সপ্রেস
ঢাকা-দিনাজপুর	705	Ekota	একতা এক্সপ্রেস
	706	Ekota	একতা এক্সপ্রেস
	757	Druta	দ্রুতযান এক্সপ্রেস
	758	Druta	দ্রুতযান এক্সপ্রেস
ঢাকা-রাজশাহী	753	Silk	সিন্ধ সিটি এক্সপ্রেস
	754	Silk	সিন্ধ সিটি এক্সপ্রেস
	759	Padma	পদ্মা এক্সপ্রেস
	760	Padma	পদ্মা এক্সপ্রেস
	769	Dhum	ধুমকেতৃ এক্সপ্রেস
	770	Dhum - **	ধুমকেতু এক্সপ্রেস
ঢাকা-খুলনা	725	Sundar	नूमत्रका पञ्चात्रम
	726	Sundar	সুন্দরকা এক্সম্রেস
	763	Chitra	চিত্রা এক্সম্রেস
	764	Chitra	চিত্রা এক্সপ্রেস
চট্টগ্রাম-সিলেট	719	PaharU	পাহাড়িকা এক্সম্রেস
	720	PaharD	পাহাড়িকা এক্সপ্রেস
	723	UdayU	উদয়ন এক্সপ্রেস
	724	UdayD	উদয়ন এক্সপ্রেস
ঢাকা ক্যান্ট,-কোলকাতা	3107	Moitree	মৈত্ৰী এক্সপ্ৰেস
	3108	Moitree	নৈত্ৰী এক্সপ্ৰেস
	3109	Moitree	মৈত্রী এক্সপ্রেস
	3110	Moitree	নৈত্ৰী এক্সপ্ৰেস

আপনার কাঞ্চিত ট্রেনট ট্র্যাক করতে: মেসেজ অপশনে TR<Space>Train No.or Train Code লিখে পাঠিয়ে দিন 16318 নম্বরে। যেমন: স্বর্গ ট্রেনটি ট্র্যাক করতে মেসেজ অপশনে TR<Space>Subarna অপনা TR<Space>701 লিখে পাঠিয়ে দিন 16318 নম্বরে।

উপরে উত্তেখিত ট্রেন ছাড়াও নিম্নোক্ত গস্তব্যর ট্রেনসমূহও ট্রেন ট্র্যাকারের মাধ্যমে ট্র্যাক করা যাবে:

ঢাকা-নোয়াখালী, ঢাকা-দেওয়ানগঞ্জ, <mark>ঢাকা</mark>-মোহনগঞ্জ, ঢাকা-লালমনির্ঘট, ঢাকা-তারাকান্দি, ঢাকা-রংপুর, ঢাকা ক্যান্টনমেন্ট-চিলাহাটি, ঢাকা-বন্ধবন্ধু সৈতু পূর্ব, ঢাকা-কিশোরগঞ্জ, খুলনা-সৈন্ধনপুর, চট্টখাম-চাঁদপুর, খুলনা-রাজশাহী, রাজশাহী-পোয়ালন্দ ঘাট রাজশাহী-চিলাহাটি, দিনাজপুর-শাস্তাহার, শাস্তাহার-বুড়িমারি